

দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।


www.iresppw-brdb.gov.bd/Fax-8189029

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩- ৬৪২

তারিখঃ ৩১/০৭/১৯শ্রিঃ

বিষয়ঃ ব্যাখ্যা তলব।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচির মাঠ পর্যায়ে নিয়মিত মনিটরিং এর অংশ হিসেবে এবং সফটওয়্যারে তথ্য হালনাগাদ না থাকায় (এআইএস ১৩ দিন পেছনে এবং এমআইএস ৬ দিন পেছনে) প্রকল্প সদরদপ্তর থেকে আপনাকে ফোন করা হলে আপনি জানান যে বিগত ৬ দিনে কোন আদায়/লেনদেন না থাকায় সফটওয়্যারে তথ্য হালনাগাদ করা হয়নি; কিন্তু সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা(ইরেসপো)'র নিকট থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী বিগত ২৮/০৭/২০১৯ শ্রিঃ তারিখে সমিতি থেকে মোট ১৭২৯৫/- টাকা আদায়পূর্বক ব্যাংকে জমা দেয়া হলেও আপনি সফটওয়্যারে তথ্য হালনাগাদ করেননি। পূর্ববর্তী কর্মস্থলে সমিতি হতে আদায়কৃত অর্থ নিয়মিত ব্যাংকে জমা ও সফটওয়্যারে তথ্য হালনাগাদ করতেন না মর্মে তথ্য রয়েছে। তাছাড়া, মাঠসংগঠকদের উপস্থিতির বিষয়ে জানতে চাওয়া হলে আপনি তথ্য প্রদানে অসম্মতি জ্ঞাপন করেন যা কাম্য নয়। ভুল তথ্য উপস্থাপন, দায়িত্ব পালনে অবহেলার জন্য কেন আপনাকে কর্মসূচির চুক্তি ভিত্তিক নিয়োগ হতে অপসারণ করা হবে না তার সন্তোষজনক ব্যাখ্যা আগামী ০৫.০৮.২০১৯শ্রিঃ তারিখের মধ্যে প্রকল্প সদরদপ্তরে প্রেরণের জন্য কর্তৃপক্ষের নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


মোহাম্মদ আতিকুর রহমান
উপ-প্রকল্প পরিচালক
০২-৮১৮০১৪৩

মোঃ আসাদুজ্জামান
হিসাব সহকারী (ইরেসপো)
বিআরডিবি,মেহেন্দীগঞ্জ,বরিশাল।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. প্রকল্প পরিচালক,ইরেসপো,বিআরডিবি,ঢাকা।
১. উপপরিচালক, জেলাদপ্তর,বিআরডিবি বরিশাল।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৩. প্রোগ্রামার,ইরেসপো,বিআরডিবি,ঢাকা(ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৪. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি,মেহেন্দীগঞ্জ,বরিশাল।
৬. ব্যক্তিগত নথি / গার্ড ফাইল।